

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ

প্রশাসন শাখা

www.bsbk.gov.bd

টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), কাওরানবাজার, ঢাকা-১২১৫

সর্বোচ্চ অগ্রাধিকার

সীমিত

নম্বর: ১৮.১৫.০০০০.০২০.১৮.০১০.২০.২৭৩

তারিখ: ২৪ বৈশাখ ১৪২৮

০৭ মে ২০২১

অফিস আদেশ

করোনা ভাইরাসজনিত রোগ (COVID-19) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে করোনা ভাইরাস এর বিস্তার রোধকল্পে সরকার কর্তৃক ০৫ মে, ২০২১ তারিখ মধ্যরাত হতে ১৬ মে, ২০২১ তারিখ মধ্যরাত পর্যন্ত সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপের সময়সীমা বৃদ্ধি করে মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৪১; তারিখ: ০৫ মে, ২০২১-মূলে সর্বশেষ প্রজ্ঞাপন জারি করা হয়েছে। তবে জরুরি সেবা বিবেচনায় স্থলবন্দরসমূহের কার্যক্রম আরোপিত বিধি নিষেধের আওতাবহির্ভূত রাখা হয়েছে। বিধি-নিষেধ চলাকালীন আসন্ন ঈদ-উল-ফিতরের সময়েও আন্তঃজেলা গণপরিবহন এবং ট্রেন ও লঞ্চ চলাচল পূর্বের ধারাবাহিকতায় বন্ধ রাখার সরকারি নির্দেশনা রয়েছে। করোনা ভাইরাসজনিত রোগ (COVID-19) সংক্রমণের বিস্তার রোধকল্পে এবং বিদ্যমান পরিস্থিতিতে স্থলবন্দরসমূহের কার্যক্রম স্বাভাবিক রাখতে আসন্ন ঈদ-উল ফিতরের ছুটিতে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের প্রধান কার্যালয় এবং এর আওতাধীন স্থলবন্দরসমূহে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণকে স্ব-স্ব কর্মস্থলে ঈদ উদযাপনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।



৭-৫-২০২১

(আনিসুল ইসলাম)

পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)

নম্বর: ১৮.১৫.০০০০.০২০.১৮.০১০.২০.২৭৩/১(২৭)

তারিখ: ২৪ বৈশাখ ১৪২৮

০৭ মে ২০২১

প্রয়োজনীয় অবগতি ও কার্যার্থে আদেশক্রমে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১) সদস্য (উন্নয়ন/ট্রাফিক/অর্থ ও প্রশাসন), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা।
- ২) পরিচালক (অডিট), অডিট শাখা, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ।
- ৩) পরিচালক (হিসাব), হিসাব শাখা, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ।
- ৪) পরিচালক (ট্রাফিক), ট্রাফিক শাখা, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ।
- ৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ।
- ৬) সচিব, বোর্ড শাখা, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ।
- ৭) পরিচালক (ট্রাফিক), বেনাপোল স্থলবন্দর, বেনাপোল, যশোর।
- ৮) উপপরিচালক (ট্রাফিক), ভোমরা স্থলবন্দর, সাতক্ষীরা/ বুড়িমারী স্থলবন্দর, পাটগ্রাম, লালমনিরহাট।
- ৯) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা; মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১০) কর্মকর্তা (সকল), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা।
- ১১) সহকারী পরিচালক (ট্রাফিক), তামাবিল স্থলবন্দর, সিলেট/ নাকুগাঁও স্থলবন্দর, শেরপুর/ সোনাহাট স্থলবন্দর, কুড়িগ্রাম/ আখাউড়া স্থলবন্দর, ব্রাহ্মণবাড়িয়া/ সোনা মসজিদ স্থলবন্দর, চাঁপাইনবাবগঞ্জ/ হিলি স্থলবন্দর, দিনাজপুর / বাংলাবান্ধা স্থলবন্দর, তেঁতুলিয়া, পঞ্চগড়/ বিবিরবাজার স্থলবন্দর, কুমিল্লা/ টেকনাফ স্থলবন্দর, কক্সবাজার।
- ১২) এস্টেট অফিসার, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা; অফিস আদেশটি অবিলম্বে দাপ্তরিক তথ্য বাতায়নে যথাযথভাবে প্রকাশের জন্য।
- ১৩) তাঁকে অফিস আদেশটি কর্তৃপক্ষের ওয়েবসাইটে (www.bsbk.gov.bd) যথাযথভাবে প্রকাশের অনুরোধসহ।



৭-৫-২০২১

(আনিসুল ইসলাম)

পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)